



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৩১/ ৩৩০

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৯  
২৪ আগস্ট ২০২২

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন মনোহরা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখপূর্বক জনৈক মোঃ সাহেব আলী একখানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে ম্যানেজিং কমিটির নির্বাচনের নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতীত সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ..... (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৪.০৮.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

উপজেলা নির্বাহী অফিসার  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৩১/ ৩৬৫

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৯  
২৪ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মনোহরা দাখিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৫. জনাব মোঃ মোঃ সাহেব আলী (অভিযোগকারী), গ্রাম: ক্ষুদ্রমনোহরা, ডাক:বালসাবাড়ী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

  
২৪/৮/২২

মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)



বরাবর,

রেজিষ্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশি বাজার, ঢাকা।

বিষয়ঃ সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন মনোহরা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম প্রসঙ্গে।

জ্ঞাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ সাহেব আলী, পিতা- মৃত মগরব ফকির, সাং- ক্ষুদ্র মনোহরা, উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ। এই মর্মে আপনার নিকট আবেদন করিতেছি যে, উপরে উল্লেখিত বিষয়ে মাদ্রাসা সুপার মোঃ আব্দুল বারী আনছারী সাহেব অবৈধ ভাবে হত্যা মামলার যাবৎ জীবন সাজাপ্রাপ্ত আসামী মোঃ আঃ মালেক, পিতা- আবুল হোসেন, সাং- ক্ষুদ্র মনোহরা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ কে সভাপতি নিযুক্ত করে উক্ত ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আপনার বরাবর প্রেরণ করিয়াছেন মর্মে আমরা বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম। উক্ত মোঃ আঃ মালেক গত ০৪/০৪/২০০৭ইং তারিখে নিজ স্ত্রী খুন করায় খুনের আসামী হিসাবে তার বিরুদ্ধে বিজ্ঞ জজ আদালত গত ২৪/০৯/২০১২ইং তারিখে তাকে যাবত জীবন কারাদন্ড দেন এবং জেল হাজতে প্রেরণ করেন। (রায়ের কপি সংযুক্ত) উক্ত আঃ মালেক ৭/৮ বছর কারাভোগ করা অবস্থায় বিজ্ঞ হাই কোর্ট ৭৮১১/২০১২নং আপীল মামলা দায়ের করেন (কপি সংযুক্ত)। বর্তমানে মামলাটি বিচারাধীন আছে যা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নির্বাচনের গেজেট ২০০৯ এর ১১ (ঘ) পরিপত্র। সভাপতি নিযুক্ত হয়ে দূর্নীতির মাধ্যমে মাদ্রাসার একজন নিরাপত্তা কর্মী ও একজন আয়া নিয়োগ দিয়ে ১৭/১৮ লক্ষ টাকায় নিয়োগ বাণিজ্য করেছেন। দূর্নীতির মাধ্যমে নিয়োগ দেওয়ায় সভাপতি ও মাদ্রাসার সুপারসহ নিয়োগ বোর্ডের সদস্যদের বিরুদ্ধে উল্লাপাড়া জজ আদালত সিরাজগঞ্জ এ ৩৬৬/২০২১নং দূর্নীতির মামলা হয়েছে যা বর্তমান চলমান রয়েছে। উল্লেখ্য যে তথাকথিত ম্যানেজিং কমিটির নির্বাচনের ফরম বিতরণের নামে আমাকে অবৈধভাবে উল্লাপাড়া থানায় আটকিয়ে সকাল ১০.০০টা বিকাল ৪.০০টা পর্যন্ত আটকিয়ে রেখে সিরাজগঞ্জ জেল হাজতে প্রেরণ করেন (কপি সংযুক্ত)। অপর একটি অভিযোগে ৪২ বছরের পুরানো সদস্য হাজী মোঃ মকবুল হোসেনকে বাদ দিয়ে বিধিবিহীন ভাবে সুপার আব্দুল বারী আনছারী ২জনের নিকট নগদ টাকা রিসিভের মাধ্যমে গ্রহণ করে অবৈধ ভাবে দাতা সদস্য নির্বাচি করার অভিযোগের পেপার কাটিং এর (কপি সংযুক্ত)।

বিধায়, মহোদয় সমীপে আকুল আবেদন উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ ০৬.০৭.২২ইং

নিবেদক-

মোঃ সাহেব আলী

(মোঃ সাহেব আলী)

মোবাইল- ০১৭৮৩-৮২৭০১৫